



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে যানবাহন ট্র্যাকিং সিস্টেমের উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘Secure portable vehicle tracking system for NSTU family’ শীর্ষক প্রকল্পের আওতায় যানবাহন ট্র্যাকিং সিস্টেমের উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার (২৭ জুলাই ২০২৩) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী। বিশেষ অতিথি হিসেবে ছিলেন নোবিপ্রবির মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

উদ্বোধনী অনুষ্ঠানে নোবিপ্রবির মাননীয় উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, ‘এই উদ্যোগ নোবিপ্রবিতে একটি নতুন মাত্রা যুক্ত করলো। নোবিপ্রবির প্রতিটি যানবাহন এই প্রযুক্তির আওতায় আসবে এবং সবাই এটি ব্যবহার করতে পারবে এই প্রত্যাশা করছি। এর মাধ্যমে ঘরে বসেই ট্র্যাকিং এর মাধ্যমে নোবিপ্রবির যানবাহন কোথায় আছে তা সনাক্ত করা যাবে। আমি এর সাথে যুক্ত সকলকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু’।

বিশেষ অতিথির বক্তব্যে নোবিপ্রবির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, এ ধরনের আধুনিক প্রযুক্তির ব্যবহার নোবিপ্রবি পরিবারের সকলেরই কাজে আসবে। এ কাজের সাথে যুক্ত সকলকে ধন্যবাদ ও অভিনন্দন জ্ঞাপন করেন তিনি। এসময় আরও উপস্থিত ছিলেন, নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস.এম. মাহবুবুর রহমান, আইআইএস পরিচালক অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান রিমন, সিএসটিই বিভাগের অধ্যাপক ড. নাহিদ আক্তার, নোবিপ্রবির পরিবহন উপদেষ্টা ড. কাওসার হোসেন, নোবিপ্রবি সাইবার সেন্টারের পরিচালক (ভারপ্রাপ্ত) এ আর এম মাহমুদুল হাসান রানা, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন প্রমুখ।

উল্লেখ্য, উক্ত প্রকল্পটি নোবিপ্রবি রিসার্চ সেল কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে অনুদানপ্রাপ্ত হয়। প্রকল্পটি কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক প্রফেসর ড. নাহিদ আক্তার ও এ আর এম মাহমুদুল হাসান রানার তত্ত্বাবধানে পরিচালিত হয়। উক্ত প্রকল্পে গবেষণা সহকারী হিসেবে কাজ করেন সিএসটিই বিভাগের ১৪ তম ব্যাচের শিক্ষার্থী আহনাফ ও সুহদ, ১৫ তম ব্যাচের জাভেদ, আরিফ ও তামিম এবং ১৬ তম ব্যাচের তোফায়েল। এই ট্র্যাকিং সিস্টেমের মাধ্যমে নোবিপ্রবির পরিবহন পুলের গাড়িগুলো লাইভ ট্র্যাকিং করা যাবে। এছাড়াও উক্ত সিস্টেমটি ব্যবহার করে পরিবহনের সময়সূচি প্রদান, এক্সিডেন্ট ডিটেকশন এবং অনলাইন রিকুইজিশন সিস্টেম চালু করা যাবে। উক্ত প্রকল্পটি নোবিপ্রবি অটোমেশন সিস্টেমের একটি অংশ।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

